গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০১৮.২১.০০১.২৬-০০৫(৬১) তারিখ: ০৬ জানুয়ারি ২০২৬ খ্রি.।

**বিষয়: ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য (বার্ষিক/আংশিক সকল) গোপনীয় অনুবেদন দাখিল সংক্রান্ত।**

নিবন্ধন অধিদপ্তরের আওতাধীন সকল সাব রেজিস্ট্রার ও জেলা রেজিস্ট্রার কর্তৃক বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিলের ক্ষেত্রে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা, ২০২০ এর আলোকে নির্দেশমালা:-

০১. গোপনীয় অনুবেদন অনুশাসনমালা,২০২০ এর অনুচ্ছেদ-২.২.১ অনুসারে বার্ষিক গোপনীয় অনুবেদন, একই কর্মস্থলে অনুবেদনাধীন কর্মচারী (ORU-Officer Reported Upon) পুরো পঞ্জিকাবর্ষে একজন অনুবেদনকারী কর্মচারীর (RIO-Report Initiating Officer) অধীনে কর্মসম্পাদনের পর অনুবেদনকারী কর্মচারীর নিকট দাখিলকৃত গোপনীয় অনুবেদনই বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR-Annual Confidential Report)।

অনুচ্ছেদ-২.২.২ অনুসারে নিজ কর্মস্থল পরিবর্তন বা অনুবেদনকারী পরিবর্তনের কারণে কোনো পঞ্জিকাবর্ষে কোনো কর্মস্থল কিংবা কোনো অনুবেদনকারীর অধিনে ন্যূনতম কর্মকাল ০৩ (তিন) মাস বা তদূর্ধ্ব হলে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মচারী (ORU) কর্তৃক উক্ত সময়ের জন্য দাখিলকৃত গোপনীয় অনুবেদনই আংশিক গোপনীয় প্রতিবেদন (Partial Confidential Report) ।

অনুচ্ছেদ-২.৩.১ অনুসারে আংশিক গোপনীয় অনুবেদনের ক্ষেত্রে বছরের শেষ অংশের গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন থাকা আবশ্যক।

০২. প্রসঙ্গত উল্লেখ্য যে, জেলা রেজিস্ট্রারের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও) অনুবেদনকারী (RIO) ও মহা পরিদর্শক, নিবন্ধন প্রতিস্বাক্ষরকারী কর্মচারী (CSO-Counter Signing Officer), সাব রেজিস্ট্রারের ক্ষেত্রে জেলা রেজিস্ট্রার অনুবেদনকারী কর্মচারী (RIO) ও সংশ্লিষ্ট রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও) প্রতিস্বাক্ষরকারী কর্মচারী (CSO) এবং অতিরিক্ত মহা পরিদর্শক, নিবন্ধন, উপ মহা-পরিদর্শক, নিবন্ধন ও সহকারী মহাপরিদর্শক, নিবন্ধন/রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)গণের ক্ষেত্রে মহা পরিদর্শক, নিবন্ধন অনুবেদনকারী এবং সচিব, আইন ও বিচার বিভাগ প্রতিস্বাক্ষরকারী (CSO) কর্মকর্তা হিসেবে নির্দেশিত।

০৩. ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য নিবন্ধন অধিদপ্তরের অধীন অতিরিক্ত মহা পরিদর্শক, নিবন্ধন, উপ মহা-পরিদর্শক, নিবন্ধন ও সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন/রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)গণের প্রতিস্বাক্ষরকারী (CSO) হিসেবে সচিব মহোদয়ের নাম, কর্মকাল ও ই-মেইল ঠিকানা নিম্নে প্রদত্ত হলো:

(ক) জনাব শেখ আবু তাহের- ২৮.১১.২০২৪ খ্রি. তারিখ হতে ২৬.০৮.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ।
ই-মেইল ঠিকানা: secretary@lawjusticediv.gov.bd
(খ) জনাব লিয়াকত আলী মোল্লা- ২৮.০৮.২০২৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি।
ই-মেইল ঠিকানা: secretary@lawjusticediv.gov.bd

০৪. ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য নিবন্ধন অধিদপ্তরের অধীন অতিরিক্ত মহা পরিদর্শক, নিবন্ধন, উপ মহা-পরিদর্শক, নিবন্ধন ও সহকারী মহাপরিদর্শক, নিবন্ধন/রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)গণের অনুবেদনকারী এবং জেলা রেজিস্ট্রারগণের প্রতিস্বাক্ষরকারী (CSO) হিসেবে মহাপরিদর্শক, নিবন্ধন এর নাম, কর্মকাল ও ই-মেইল ঠিকানা নিম্নে প্রদত্ত হলো :

(ক) জনাব মোঃ নুর ইসলাম-- ১৭.০৯.২০২৪ খ্রি. তারিখ হতে ২০.০৩.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।
ই-মেইল ঠিকানা: igr.bangladesh@gmail.com
(খ) জনাব কাজী আবদুল হান্নান—২৩.০৩.২০২৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি।
ই-মেইল ঠিকানা: igr.bangladesh@gmail.com

০৫. ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য নিবন্ধন অধিদপ্তরের অধীন জেলা রেজিস্ট্রারগণের অনুবেদনকারী এবং সাব রেজিস্ট্রারগণের প্রতিস্বাক্ষরকারী (CSO) হিসেবে রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)গণের নাম, কর্মকাল ও ই-মেইল ঠিকানা নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক ন. | আইআরও গণের নাম | বিভাগের নাম | কর্মকাল -----হতে ---- | ইমেইল ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আশরাফুজ্জামান | ঢাকা | ৩১.১০.২০২৩ খ্রি. হতে ২৯.১২.২০২৫ খ্রি. পর্যন্ত | asrafuzzaman@gmail.com | |
| ০২ | জনাব মোঃ জিয়াউল হক | চট্টগ্রাম | ২৭.০২.২০২৪ খ্রি. হতে ১৩.০৬.২০২৫ খ্রি. পর্যন্ত | srziaulhaque@gmail.com | |
| ০৩ | জনাব মীর মাহবুব মেহেদী | বরিশাল | ০৯.০৭.২০২৪ খ্রি. হতে ২৮.১২.২০২৫ খ্রি. পর্যন্ত | mahbubmehedi@gmail.com | |
| | | সিলেট | ০৬.০৫.২০২৫ খ্রি. হতে অদ্যাবধি | | |
| ০৪ | জনাব মোঃ মতিউর রহমান | রাজশাহী | ২৭.০২.২০২৪ খ্রি. হতে ২১.০৬.২০২৫ খ্রি. পর্যন্ত | matiurdr15@gmail.com | |
| | | চট্টগ্রাম | ২২.০৬.২০২৫খ্রি. হতে অদ্যাবধি | | |
| ০৫ | জনাব মোঃ মাহফুজুর রহমান খান | রাজশাহী | ২২.০৬.২০২৫ খ্রি. হতে অদ্যাবধি | mahfuzsr68@gmail.com | |
| | | খুলনা | ৩০.০৫.২০২৪ খ্রি. হতে অদ্যাবধি | | |
| ০৬ | জনাব মোঃ আনোয়ারুল হক চৌধুরী | সিলেট | ১৫.০১.২০২৫ খ্রি. হতে ০৪.০৫.২০২৫ খ্রি.পর্যন্ত | anwarkhokan.ahc@gmail.com | |

সাব রেজিস্ট্রারগণের অনুবেদনকারী হিসেবে জেলা রেজিস্ট্রারগণ তাঁদের নিজ নিজ কর্মকাল ও ই-মেইল ঠিকানা সংশ্লিষ্ট সাব রেজিস্ট্রারগণের নিকট সরবরাহ করবেন।

০৬. ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (CR-Confidential Report) জমাদানের নির্ধারিত তারিখ ও সাধারণ নির্দেশমালা:

* ২০২৬ খ্রি. সনের ৩১ জানুয়ারির মধ্যে অনুবেদনাধীন কর্মচারীকে সরকার কর্তৃক নির্ধারিত ফর্মে তাঁর ব্যক্তিগত তথ্যাদি লিপিবদ্ধ করে স্বাস্থ্য পরীক্ষাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) ২০২৫ খ্রি. সনের প্রযোজ্য (বার্ষিক/আংশিক সকল) গোপনীয় অনুবেদন আবশ্যিকভাবে তাঁর দপ্তর হতে অগ্রায়নপত্রের মাধ্যমে অনুবেদনকারীর (RIO) নিকট অনুবেদনের জন্য দাখিল করবেন।
* ২০২৬ খ্রি. সনের ২৮ ফেব্রুয়ারির মধ্যে অনুবেদনকারী(RIO) গোপনীয় অনুবেদন ফর্মের ৩য় অংশের ১১ ন. ক্রমিকে তাঁর নিয়ন্ত্রণে অনুবেদনাধীন কর্মচারীর প্রকৃত কর্মমেয়াদ এবং অন্যান্য তথ্য সঠিকভাবে সন্নিবেশিত করা হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে অনুস্বাক্ষর করে গোপনীয়তা নিশ্চিতপূর্বক তাঁর দপ্তর হতে অগ্রায়নপত্রের মাধ্যমে প্রতিস্বাক্ষরকারীর (CSO) নিকট প্রেরণ করতে হবে এবং অগ্রায়নপত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মচারীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।
* গোপনীয় অনুবেদন ফর্মে কোনো অবস্থাতেই ভাঁজ, কাটাছেঁড়া, ঘষামাজা বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। তবে একান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট অংশটুকু একটানে কেটে অনুস্বাক্ষরসহ লেখা যাবে।
* অনুবেদনকারী কোনো অবস্থাতেই সিলগালাবিহীন অবস্থায় কিংবা অনুবেদনাধীন কর্মচারীর মাধ্যমে (হাতে হাতে) অনুস্বাক্ষরিত গোপনীয় অনুবেদন প্রেরণ করবেন না।
* প্রযোজ্য ক্ষেত্রে বর্তমান পদবি ও কর্মস্থলের সঙ্গে আবশ্যিকভাবে প্রাক্তন (যে সময়ের গোপনীয় অনুবেদন সে সময়ের) পদবি ও কর্মস্থল লিখতে হবে।

০৭. বিদ্যমান অনুশাসনমালা,২০২০ এর অনুচ্ছেদ-২.৬.৫ অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মচারীর 'অসদাচরণ' হিসেবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে। অধিকন্তু অনুচ্ছেদ-২.৬.৬ মোতাবেক ইচ্ছাকৃতভাবে গোপনীয় অনুবেদন দাখিল না করা কিংবা যথাযথ অনুবেদনকারীর নিকট গোপনীয় অনুবেদন দাখিল না করলে তা 'অসদাচরণ' হিসেবে গণ্য হবে এবং অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৮. গোপনীয় অনুবেদন অনুশাসনমালা, ২০২০ এর অনুচ্ছেদ-৩.১.৮ ও ৩.১.৯ এ উল্লিখিত যে, অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পর দাখিলকৃত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং বিষয়টি উল্লেখপূর্বক অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারীকে তা অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরবিহীন অবস্থায় ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

উপরি-উক্ত আবশ্যিক অনুসরণীয় নির্দেশমালা প্রতিপালনকরতঃ ২০২৫ খ্রি. সনের জন্য প্রযোজ্য (বার্ষিক/আংশিক সকল) গোপনীয় অনুবেদন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য বলা হলো।

স্বাঃ
কাজী আবদুল হান্নান
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার, -------------------------------(সকল)। তাঁর জেলাধীন
সকল সাব রেজিস্ট্রারকে উক্ত নির্দেশমালা প্রতিপালনের নির্দেশ প্রদানের জন্য বলা হলো।

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০১৮.২১.০০১.২৬- ০০৫(৬১)/১(১৫) তারিখ: ০৬ জানুয়ারি ২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. উপ-মহা পরিদর্শক, নিবন্ধন ( ডিআইজিআর), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০২. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৪. শাখা প্রধান, রেজি:শাখা-১/২/৩/৪/৫/৬, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৫. শাখা প্রধান, রেজি: শাখা-৪, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
০৬. অফিস কপি।

Hannan
6.1.26
কাজী আবদুল হান্নান
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।